

## 5852 - জান্মাতের সুসংবাদপ্রাপ্ত দশ ব্যক্তি কারা?

### প্রশ্ন

আশারায়ে মুবাশশারা বা জান্মাতের সুসংবাদপ্রাপ্ত দশ ব্যক্তি কারা?

### প্রিয় উত্তর

জান্মাতের সুসংবাদ প্রাপ্ত দশ ব্যক্তি হচ্ছেন- নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর দশজন সাহাবী। আব্দুর রহমান বিন আওফ (রাঃ) কর্তৃক বর্ণিত হাদিসে যাদের নাম উল্লেখ করা হয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “আবু বকর জান্মাতি, উমর জান্মাতি, আলী জান্মাতি, তালহা জান্মাতি, যুবায়ের জান্মাতি, আব্দুর রহমান বিন আওফ জান্মাতি, সাদ জান্মাতি, সাইদ জান্মাতি, আবু উবাইদা বিন আল-জার্রাহ জান্মাতি।”[সুনানে তিরমিজি (৩৬৮০)]

সাদ হচ্ছেন- ওয়াকাসের ছেলে ‘সাদ বিন আবি ওয�়াকাস’ (রাঃ)। আর সাইদ হচ্ছেন- সাইদ বিন যায়েদ (রাঃ)। এঁরাছাড়া অন্য কিছু সাহাবীকেও জান্মাতের সুসংবাদ দেয়া হয়েছে। যেমন- খাদিজা বিনতে খুওয়ালিদ (রাঃ), আব্দুল্লাহ বিন সালাম (রাঃ), উকাশা বিন মুহাচিন প্রমুখ। তবে এ দশজনকে ‘আশারায়ে মুবাশশারা বা জান্মাতের সুসংবাদপ্রাপ্ত দশব্যক্তি’ বলা হয় কারণ এক হাদিসে একসাথে এদের সকলের নাম উল্লেখ করা হয়েছে।

আল্লাহই ভাল জানেন।